দৈনিক সংবাদ

তারিখ 01 SEP. 1990
পৃষ্ঠা ৫ কলাম ২

৪

৭৪

পটুয়াখালী কৃষি কলেজের অধ্যক্ষ প্রসঙ্গ :

দীর্ঘদিন থেকে পটুয়াখালী কৃষি কলেজের অধ্যক্ষের পদটি শূন্য। এ ধরনের একটি গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান যাকে বিভিন্ন সময় কৃষি বিশ্ববিদ্যালয় এবং কৃষি গবেষণা ইন্সটিটিউটে যাতায়াত করতে হয়, তিনি না থাকায় কলেজের প্রশাসনিক কাজে বেশ জটিলতার সৃষ্টি হচ্ছে। কর্তৃপক্ষ অধ্যক্ষের পদটি পূরণ না করে বরং একজন ভারপ্রাপ্তকে দিয়ে কাজ চালিয়ে নিচ্ছেন। এই কলেজে সহঃঅধ্যক্ষের পদটিও শূন্য অবস্থায় রয়েছে ফলে যখন ভারপ্রাপ্ত অধ্যক্ষ অফিসিয়াল কাজে কলেজের বাহিরে অবস্থান করেন তখন একজন শিক্ষককে সাময়িকভাবে অধ্যক্ষের দায়িত্ব নিতে হয় এতে করে ক্লাস কার্যের বিঘ্ন ঘটা ছাড়াও প্রশাসনিক কাজে দারুণ অসুবিধার সৃষ্টি হয়। ঐ সময় ছাত্রদের কোন সমস্যা দেখা দিলে অধ্যক্ষ না আসা পর্যন্ত অপেক্ষা করতে হয়।

তাই উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আবেদন আর দেরী না করে অধ্যক্ষ এবং সহ-অধ্যক্ষের পদ দুটি পূরণ করুন।

মোঃ শাফায়েত হোসেন (শাফু),
২য় পর্ব (পুরাতন),
পটুয়াখালী কৃষি কলেজ,
পটুয়াখালী